দৈনিক সংবাদ

তারিখ 10 AUG 1993
পৃষ্ঠা ৭ কলাম ৫

102

# সরকারী প্রাথমিক শিক্ষক পদে লিখিত পরীক্ষার ফল প্রকাশ

(নিজস্ব বার্তা পরিবেশক)

সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য লিখিত পরীক্ষার ফল গতকাল সোমবার প্রকাশিত হয়েছে। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের এবার মৌখিক পরীক্ষা দিতে হবে।

পরীক্ষার বিস্তারিত ফল ৩, ৯, ১০ ও ১১-এর পৃষ্ঠায়

সহকারী শিক্ষকের শূন্য পদের সংখ্যা ৫৯৭৯। এই পদে নিয়োগ লাভের জন্য মোট ১ লাখ ৬৮ হাজার ১শ' ৯৫ জন লিখিত পরীক্ষায় অংশ নেন। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত হয়েছেন ১৭ হাজার ৬শ' ৬১ জন।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জানি-য়েছে নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা তাদের স্ব স্ব জেলার জন্য গঠিত জেলা ইন্টারভিউ বোর্ডে গৃহীত হবে। জেলা ইন্টারভিউ বোর্ড নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য পরীক্ষার তারিখ ও সময়সূচী দিয়ে ইন্টারভিউ কার্ড ইস্যু করবে। তবে প্রার্থিগণ ইচ্ছা করলে এ ব্যাপারে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগাযোগ করতে পারবেন।